জরুরি

কার্যালয়
কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড
নিউমুরিং, চট্টগ্রাম
www.navy.mil.bd

ফোন ঃ ০২৩৩৩৩৪২৫০০-৩০ বর্ধিত ৬৭৩১
ই-মেইলঃ csd@navy.mil.bd

১২ জ্যৈষ্ঠ ১৪৩১

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০৮০.২৪. ৭৬৬৭   ২৫ মে ২০২৪

দরপত্র আহবান

কাজের বর্ণনা ও শর্তাবলী

১। বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এবং রিচার্জিং স্টেশন এর তত্বাবধানে বানৌজা গোমতী এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

Work Description. Hydrostatic pressure test of 02 in nos HP Air Bottle in Engine Room and DG Room are needed to be completed.

Work to be done. Hydrostatic pressure test of 02 in nos HP Air Bottle to be carried out onboard and certificate (02 Copies) to be provided as necessary.

Detail of Starting Air Reservoir (Bottle).

i)	Length	:	80 Inch
ii)	Dia	:	30 Inch
iii)	Working Pressure	:	24.14 Bar
iv)	Testing Pressure	:	36.80 Bar

২। **কাজ সংক্রান্ত বিবরণ ও বিশেষ শর্তাবলী।** উক্ত HP Air Bottle এর Hydrostatic Pressure Test সংক্রান্ত কাজের জন্য শর্তাবলী নিম্নরুপঃ

ক। কোন আইটেম ও যন্ত্রাংশ সরবরাহের প্রয়োজন হলে উহার তালিকাসহ প্রকৃত উৎস উল্লেখ করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তা উল্লেখ করতে হবে। উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপ্রস্তাব দাখিল করবেন এবং এতদসংক্রান্ত ব্যয় সরবরাহকারী/মেরামতকারী প্রতিষ্ঠান বহন করবেন। উক্ত কাজে চাহিদা মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে বিএন ডকইয়ার্ড কর্তৃক মেরামত কাজ বিশেষ করে সংযোজন/প্রতিস্থাপন কার্যে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করার সুযোগ থাকবে।

খ। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/বিনির্দেশ মোতাবেক হতে হবে। দরপ্রস্তাবের অতিরিক্ত কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে মেরামতকারী কর্তৃক নিজ খরচে প্রদান করে আইটেমের সচলতা নিশ্চয়তা বিধান করতে হবে। উক্ত কাজ সম্পন্নের জন্য মেরামতকারীর নিজস্ব Work Shop এবং দক্ষ জনবল থাকতে হবে। অত্র সংস্থার পরিদর্শক টিম কর্তৃক মেরামতকারীর সক্ষমতা যাচাইয়ের ব্যবস্থা করতে হবে।

৩। **তত্বাবধায়ক শপ/জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এবং রিচার্জিং সেন্টার এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৪। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় বর্ণিত কার্যে নিয়োজিত সংশ্লিষ্ট সকল জনবলের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৫। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ১০ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে। (বানৌজা গোমতী কার্যযাচন নং ১২৫২৪০০২২৬ তারিখ ২৬ মার্চ ২০২৪)।

৬। **ওয়ারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে সংশ্লিষ্ট সংস্থা/জাহাজ/ওয়ার্কশপ কর্তৃক গ্রহণযোগ্যতা/Acceptance প্রদানের পর হতে ০১ বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন মেরামতকৃত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ বর্ণিত কাজ এর সচলতার টেষ্ট/ ট্রায়াল সম্পাদন করবে।

৭। **বিলম্ব জরিমানা।** বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কার্যাদেশের মোট মূল্যের উপর প্রতি মাসে সর্বনিম্ন ১%-২% হারে এবং সর্বমোট বিলম্বের উপর সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তৃপক্ষ কর্তন করতে পারবে।

৮। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান।** কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/এএফসি (নৌ) চট্টগ্রাম কর্তৃক বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করতঃ মূল্য পরিশোধ করা হবে।

০৯। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী **২৮** **মে ২০২৪**, ১২০০ ঘটিকায় দরপত্র জমা দিতে হবে।

১০। আগামী ২৮ **মে ২০২৪**, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।

১১। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।

১২। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স আলাদা ভাবে উল্লেখ করতঃ দরপত্র দাখিল করবে।

১৩। **দরপ্রস্তাব টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অত্র সংস্থা কর্তৃক ধার্য্যকৃত সিডিউল মানি পরিশোধ সাপেক্ষে দর প্রস্তাব টেন্ডার বক্সে জমা প্রদান করতে হবে।**

১৪। দরপ্রস্তাব দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। **সর্বনিম্ন দরদাতা নির্বাচিত হওয়ার পর কার্যাদেশ প্রদানের পূর্বে কাজে অপারগতা প্রকাশ করলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১৫। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত অধিনায়ক, নৌ ভান্ডার, চট্টগ্রাম অথবা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নৌ উপ-ভান্ডার, ঢাকা (বাংলাদেশ নৌবাহিনী) কে কনসাইনি করে আমদানী করতে হবে।

১৬। উক্ত দরপত্রে তালিকা বহির্ভূত যোগ্য সরবরাহকারীগণ/স্থানীয় প্রস্তুতকারক প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে) দরপ্রস্তাবে **উদ্ধৃত মূল্যের ৫% (অনধিক ০১ লক্ষ টাকা) অর্থ জামানত হিসাবে পে-অর্ডারের মাধ্যমে** কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

১৭। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার আউট সাইড এজেন্সি সেকশনে অথবা বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এবং রিচার্জিং স্টেশন (মোবাইল নং ০১৭৬৯৭২৬৮৮৯) এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/গ্রহণ ও অন্য কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার পূর্ণ ক্ষমতা রাখে।

মোঃ মাহফুজুর রহমান
কমান্ডার বিএন
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ

অন্তস্থঃ

কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার মূল্যায়ন কমিটি, সিএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা - ওয়েব সাইটে (www.csd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ
আইটি সেকশন, সিএসডি সংস্থা

নেভিগেটিং অফিসার - নোটিশ বোর্ডে দরপত্রটি ঝুলানোর অনুরোধসহ
বিএন ডকইয়ার্ড